



একুশে বই মেলা ২০০৮

জসিম মল্লিকের দুটি নতুন বই।

এবছর বাংলা একাডেমী বইমেলায় স্বনামধন্য প্রকাশনী অনন্যা থেকে জসিম মল্লিকের দুটো বই প্রকাশিত হয়। অফসেট পেপাড়ে মুদ্রিত বই দুটোর প্রচ্ছদ এঁকেছেন দ্রাব এষ। পরিবেশক হচ্ছেন সংগীতা লন্ডন, মুক্তধারা নিউইয়র্ক এবং অন্যমেলা টরন্টো।

টানাপোড়েন (উপন্যাস): কাহিনী সংক্ষেপ:একটা অস্থির অশান্ত সময় ছিল সেটা। একদিকে সংসারের দ্বায়িত্ব আর এক দিকে চাকুরী রক্ষার আকুতি। মাঝখানে রাজনৈতিক দুঃস্বপ্ন। এই দুইয়ের মাঝে রেজাউল নামের এক তরুণের মানসিক টানাপোড়েন। রেজাউলের বস একজন রাজনৈতিক নেতা। ব্যক্তিগতভাবে যিনি একজন অসম্ভব সৎ এবং আদর্শবান মানুষ। রাজনীতির অশুভ চক্রে পড়ে যিনি নিজেও ক্ষতবিক্ষত। রক্তাক্ত যার হৃদয়। মানুষের স্বার্থপরতা আর হৃদয়হীন অসভ্যতা যাকে আহত আর ব্যথিত করে তোলে। তার সাথে কাজ করতে এসে রেজাউল আরও বেশী রক্তাক্ত আর ক্ষতবিক্ষত। এইসব দুরন্ত ঘটনাবলী নিয়েই এই উপন্যাসের কাহিনী বিস্তৃত

হয়েছে। রাজনীতির অন্ধকার জগতের অনেক ঘটনা নিপুণ হাতে ফুটিয়ে তুলেছেন লেখক এই উপন্যাসে। এছাড়াও প্রেম ভালবাসা আর গোপন সব সম্পর্ক কিভাবে জাল বিস্তার করে তাও ফুটিয়ে তোলা হয়েছে। টানাপোড়েন একটি সম্পূর্ণ ভিন্ন স্বাদের উপন্যাস। উল্লেখ্য উপন্যাসটি টরন্টোর জনপ্রিয় সাপ্তাহিক দেশের আলোতে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

জীবন বারে বারে আসে (গল্পগ্রন্থ): কাহিনী সংক্ষেপ: গ্রন্থের সবগুলো গল্পই ইতিমধ্যে বিভিন্ন জাতীয় প্রতিকায় প্রকাশিত হয়েছে। কয়েকটি গল্প কানাডার প্রেক্ষাপট নিয়ে রচিত। যেখানে ফুটে উঠেছে প্রবাসের নিঃসঙ্গ জীবনের মর্মস্পর্শী করণগাথা। বন্ধন আর ভাঙনের এক অপরূপ দৃশ্যকল্প সংযোজিত হয়েছে জীবন বারে বারে আসে গ্রন্থে। লেখকের ব্যক্তি জীবনের রোমান্টিক স্বভাব, রোমাঞ্চ আর মিষ্টি প্রেমের গল্পগুলো পাঠকদের আকৃষ্ট করবে। প্রেমের গভীরতা বা পরস্পরের প্রতি আকৃষ্ট হওয়ার মধ্যে "স্পর্শ" একটি অতি আবশ্যিক ব্যাপার, গ্রন্থে লেখক সেটাই আশ্চর্য মুসীয়ানা ও দক্ষতার সাথে ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছেন। গ্রন্থের প্রতিটি গল্পই পাঠককে নিয়ে যাবে স্বপ্নের সোনালী জগতে।

লেখক পরিচিতি। জসিম মল্লিক। জন্ম ১৯৬২ সালে বরিশাল শহরে। ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। কলেজ জীবন থেকেই তাঁর লেখালেখির শুরু এবং দেশের বিভিন্ন জাতীয় দৈনিক ও সাপ্তাহিক-এ নিয়মিত লিখেছেন। ১৯৮৪ সালে শাহদত চৌধুরী সম্পাদিত তৎকালীন 'সাপ্তাহিক বিচিত্রায়' যোগদান করেন। এরপর সাপ্তাহিক বিচিত্রার আকস্মিক বিলুপ্তির পর ১৯৯৮ সালে মিডিয়া ওয়ার্ল্ড পাবলিকেশন প্রকাশিত সাপ্তাহিক ২০০০-এ যোগ দেন। দীর্ঘ চব্বিশ বছরের সাংবাদিকতা জীবনে তাঁর অভিজ্ঞতা বিপুল ও বিশাল। এই বিশাল অভিজ্ঞতার উপদান নিয়েই তিনি নির্মাণ করেছেন অসংখ্য গল্প উপন্যাস এবং সমাজ সচেতন মূলক বিভিন্ন লেখা। তুলে এনেছেন জীবনের চরম সত্য আর বাস্তবতাকে। তাঁর সপ্রতিভ, ঋজু, সংহত, সংবেদী ভাষা আর বিষয় বৈচিত্রের স্বকীয়তা ও নিজস্বতা বরাবরই লক্ষ্যযোগ্য। ইতিমধ্যে তাঁর প্রকাশিত কয়েকটি ছোটগল্প ও উপন্যাস পাঠক মহলে আলোচিত হয়েছে। তাঁর প্রকাশিত অন্যান্য গ্রন্থগুলো হচ্ছে আলোর গভীরে, নীল জলে তরঙ্গ, নক্ষত্রের গান, ভালবাসার দিনগুলি, তোমার কাছে যাব, তোমার জন্য আমি, হাডসন থেকে টেমস, কোন কথা ছিল না, হৃদয় যতদূর, প্রভৃতি। সাংবাদিকতার পাশাপাশি তিনি দেশের নামকরা শিল্প প্রতিষ্ঠান মুন্সি গ্রুপ অব ইন্ডস্ট্রিজ এবং নামকরা বিজ্ঞাপনী সংস্থা ইউনিট্রেন্ড-এ প্রায় কাজ করেছেন দীর্ঘদিন। ছিলেন জাতীয় প্রেসক্লাবের সদস্য ও বাংলাদেশ জনসংযোগ সমিতির শিক্ষা ও গবেষণা সম্পাদক। বর্তমানে কানাডার নাগরিক এবং জনপ্রিয় সাপ্তাহিক ২০০০ ও আনন্দধারার বিশেষ প্রতিনিধি। এছাড়াও পৃথিবীর বিভিন্ন দেশের পত্রিকা ও অনলাইন পত্রিকায় লিখে চলেছেন বিরামহীন।